

স্বাক্ষর  
সহকারী সচিব  
২৩/০৮/২৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০২.২৪.৩১



তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০  
২৮ ফেব্রুয়ারি ২০২৪


বিজ্ঞপ্তি

বিষয়: **Project Management** শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), ঢাকায় আগামী ১০/০৩/২০২৪ হতে ০১/০৪/২০২৪ তারিখ পর্যন্ত ১৫ (পনেরো) কর্মদিবস মেয়াদে সরকারের উপসচিব, সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিব পর্যায়ে কর্মকর্তাদের জন্য **Project Management** শীর্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন ছক) পূরণপূর্বক আগামী ০৩/০৩/২০২৪ তারিখ (রবিবার) বিকাল ০৪.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd) ইমেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

শর্তাবলি:

- কোর্সটি সম্পূর্ণ অনাবাসিক;
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনএপিডি-এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৬ (ছাপান্ন) বছর হতে হবে;
- আবেদনপত্র ছকের (আবেদন ছক) নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে; এবং
- নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়ন তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।



২৮-২-২০২৪

মোঃ তৌহিদ-বিন-হাসান

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)